



বিজ্ঞপ্তি

স্মারক নং- JUDSAA/২০২৬/৭১

তারিখঃ ১৯ মার্চ ২০২৬

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশন শিক্ষা বৃত্তি - ২০২৬

সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশন (JUDSAA) কর্তৃক "জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশন শিক্ষা বৃত্তি-২০২৬" প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এই উদ্দেশ্যে আগ্রহী শিক্ষার্থীদের কাছ থেকে আবেদন আহ্বান করা হচ্ছে।

আবেদনের যোগ্যতা:

- জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান ও উপাত্ত বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী।
- স্নাতক (সম্মান) প্রথম থেকে চতুর্থ বর্ষের নিয়মিত শিক্ষার্থী।
- অস্বচ্ছল ও মেধাবী শিক্ষার্থী।
- বিভাগীয় শিক্ষা কার্যক্রমে বিশেষ অবদান রাখা অথবা পাঠ্যক্রম-বহির্ভূত কার্যক্রমে (Extra-curricular activities) যুক্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

আবেদনের নিয়মাবলী:

- <https://www.judsaa.org/custom/slug/judsaa-scholarship> লিংক থেকে আবেদন ফরম ডাউনলোড করতে হবে।
- আবেদন ফরম যথাযথভাবে পূরণ করতে হবে এবং নির্ভুল তথ্য প্রদান করতে হবে।
- ফরমে বিভাগের সভাপতি বা শিক্ষার্থী উপদেষ্টার সুপারিশ নিতে হবে।
- পূরণকৃত আবেদন ফরম স্ক্যান করে ইমেইলের মাধ্যমে judsaa2022@gmail.com ঠিকানায় পাঠাতে হবে এবং মূল আবেদন ফরমটি বিভাগের সভাপতি বা শিক্ষার্থী উপদেষ্টার নিকট মে ১০, ২০২৬ তারিখের মধ্যে জমা দিতে হবে।

বৃত্তির অন্যান্য নীতিমালা:

- ধুমপান বা যে কোনো মাদকাসক্তি বৃত্তির জন্য অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- পাঠ্যক্রম-বহির্ভূত কার্যক্রমে যুক্ত থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হবে।
- প্রথম বর্ষের শিক্ষার্থীদের ক্ষেত্রে আর্থিক অস্বচ্ছলতা, ক্লাস উপস্থিতি এবং টিউটোরিয়াল পরীক্ষার ফলাফল বিবেচনায় নেওয়া হবে।
- দ্বিতীয় বর্ষ থেকে পরবর্তী সকল বর্ষের শিক্ষার্থীদের ক্ষেত্রে তুলনামূলক ফলাফল মূল্যায়ন করা হবে।
- বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের একাডেমিক ফলাফল সন্তোষজনক হতে হবে; অন্যথায় বৃত্তি স্থগিত করা হবে।

শ্যামল কুমার মজুমদার
যুগ্ম-সাধারণ সম্পাদক, JUDSAA

ও

আহ্বায়ক, শিক্ষা বৃত্তি কার্যক্রম